

বিদেশে ভারতীয় শিক্ষার্থীদের বসবাসের অবস্থা সংশোধিত

৮ই ডিসেম্বর, ২০০৩

বিদেশে পড়াশুনা করেন এমন ভারতীয় শিক্ষার্থীদের কাছ থেকে ভারতের রিজার্ভ ব্যাংক প্রতিনিধিত্ব পেয়েছেন এই আবেদনের যে তাদের এফ.ই.এম.এ.-এর অধীনে অনাবাসী বলে গণ্য করা হোক। তাদের যুক্তির সারমর্ম হল, যদিও তারা শিক্ষার্থী, বাস্তবে তারা তাদের বেশীভাগ খরচের জন্য ভারতের বাড়ির থেকে প্রেরণ করা অর্থের উপর নির্ভরশীল নয়। প্রায়ই তাদের কাজ করার অনুমোতি দেওয়া হয় এবং তারা কিছু আর্থিক লেনদেনের সঙ্গে যুক্ত হয়। অতএব তারা জিদ ধরে যে সংজ্ঞাটির সংশোধন প্রয়োজন।

ফেমার খাতে বসবাসকারী সংজ্ঞাটি বিবেচনা করে এবং শিক্ষার্থীদের অনির্দিষ্ট কালের জন্য বিদেশে থাকার, যদিও পাকাপাকি বসবাস নয়, উদ্দেশ্য নিয়ে, এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ফেমার দৃষ্টিকোণে বিচার করে এদের অনাবাসী বলে গণ্য করা হবে। অনাবাসী হিসাবে, যে কোন ভাবেই, শিক্ষার্থীরা ভারতবর্ষ থেকে টাকাকড়ি প্রাপ্তির যোগ্য হবে, এই ভাবে : (১) ভারতের নিকট আত্মীয়দের কাছ থেকে খরচাপতির জন্য ১০০,০০০ উই.এস. ডলার অবধি, যার মধ্যে তাদের পড়াশুনার খরচ প্রেরণও ধরা আছে, (২) ভারতবর্ষের কোন এ.ডি.-তে তাদের একাউন্টে বিক্রী ব্যবস্থা/ব্যালেন্স বাবদ ১ মিলিয়ন উই.এস. ডলার অবধি, (৩) ফেমার খাতে এন.আর.আই.-দের প্রাপ্ত অন্যান্য সুযোগ-সুবিধা, (৪) শিক্ষার্থীরা শিক্ষা ও অন্যান্য যেসব ঋণ নিয়েছিলেন (ভারতে বসবাসকারী হিসাবে) সেগুলি চলতে দেওয়া হবে।

এটাও পরিষ্কার করে দেওয়া হচ্ছে যে এই নির্দেশগুলি কোন ভাবেই শিক্ষার্থীদের বিদ্যারোহণের উদ্দেশ্যে বিদ্যমান বিদেশী মুদ্রা বিনিময় প্রেরণের সুবিধাগুলিকে ম্লান করে দেয় না।

অজিত প্রসাদ
ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি : 2003-2004/710